

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.১০.০২৩.১৮-৬৯০

০৬ অক্টোবর, ১৪২৫ বঙ্গাব্দ।
তারিখ-----
২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, হিসাব ভবন, সেকেন্ড বাগিচা, ঢাকা।

বিষয়ঃ আইন ও বিচার বিভাগের কর্মকর্তাগণের নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে, আবাসিক টেলিফোন নীতিমালা ২০১৮ এর দ্বিতীয় পরিচ্ছেদে ১৫ ক এর (গ-ছ) এবং খ এর (ক-চ) ও ১৬ অনুচ্ছেদ অনুযায়ী আইন ও বিচার বিভাগের যুগ্ম-সচিব/উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ২৫ জন কর্মকর্তাগণের আবাসিক টেলিফোনের বিপরীতে পরিপত্রের শর্তাবলী অনুসরণ সাপেক্ষে তাঁদের মাসিক বেতন বিলের সাথে নিম্নরূপভাবে নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

ক্রম নং	আবেদনকারী কর্মকর্তার নাম ও পদবী	আবাসিক টেলিফোন নম্বর	১৫% ভ্যাট ও লাইনরেন্টসহ নগদায়ন ভাতার পরিমাণ	ভ্যাট ও লাইনরেন্টসহ সর্বমোট প্রাপ্য নগদায়ন ভাতার পরিমাণ
১.	জনাব রঞ্জন কুমার সাহা সলিসিটর ভারপ্রাপ্ত (জেলা ও দায়রা জজ), (পি আর এল ভোগরত)	৫৫০৭৬০৩০	২,৮০০ এর ১৫%	২,৮০০+৪২০+১৬০+২৪ =৩,৪০৪/-
২.	জনাব এ.এইচ হাবিবুর রহমান ভূঁইয়া যুগ্ম-সচিব (জেলা ও দায়রা জজ)	৯০৩৩২১৩	২,৮০০ এর ১৫%	২,৮০০+৪২০+১৬০+২৪ =৩,৪০৪/-
৩.	জনাব মোঃ আব্দুল হালিম মন্ডল সহকারী সচিব	৫৮১৫৭৪৭২	১,২০০ এর ১৫%	১,২০০+১৮০+১৬০+২৪ =১,৫৬৪/-
৪.	জনাব মোঃ মিজানুর রহমান সহকারী সচিব	৫৫১১০৩৯৪	১,২০০ এর ১৫%	১,২০০+১৮০+১৬০+২৪ =১,৫৬৪/-
৫.	জনাব মোঃ নাসির উদ্দিন খান সহকারী সচিব	৪৪৬১২০৭৯	১,২০০ এর ১৫%	১,২০০+১৮০+১৬০+২৪ =১,৫৬৪/-

২। আবাসিক টেলিফোন নীতিমালার আলোকে উপরোক্ত টেলিফোনসমূহের বিল সরকারিভাবে পরিশোধ করা হবে না। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে টেলিফোন বিল পরিশোধ করবেন বিধায়, তাঁদের আবাসিক/দাপ্তরিক ঠিকানায় বিল প্রেরণের জন্য চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (দক্ষিণ), রমনা/(উত্তর), গুলশান, ঢাকা-কে অনুরোধ করা হলো।

৩। টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মকর্তা প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বি.টি.সি.এল. এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সম্বলিত পরিশোধিত বিলের ১ কপি হিসাব শাখা ও বিচার শাখা-৮ এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। উক্ত ব্যয় ২০১৮-২০১৯ অর্থ বছরের আইন ও বিচার বিভাগের ১২১০১০১১০৪৪১৯-সচিবালয় কোডের ৩২১১১২০ টেলিফোন খাতে বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ যোগ্য।

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারী টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ জারীর তারিখ হতে কার্যকর হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বকেয়া হিসাবে টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য হবেন।

৬। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

নং-১০.০০.০০০০.১৩২.১০.০২৩.১৮-৬৯০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

- ১। জনাব, যুগ্ম-সচিব/সলিসিটর (জেলা ও দায়রা জজ)/সহকারী সচিব, আইন ও বিচার বিভাগ।
- ২। চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (দক্ষিণ), রমনা, ঢাকা/(উত্তর), গুলশান, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

তারিখ ২০ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব